স্নাতক পাঠক্রম শিক্ষাবর্ষান্ত পরীক্ষা

ডিসেম্বর, ২০১৮ ও জুন, ২০১৯

ঐচ্ছিক পাঠক্রম

বাংলা (Bengali)

পঞ্চম পত্র

Probondho Ebong Romyarachona : EBG-5

সময় ঃ চার ঘণ্টা

পূর্ণমান ঃ ১০০

মানের গুরুত্ব ঃ ৭০%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) ঃ

২০ × ২ = ৪০

(ক) ''গীতের যে উদ্দেশ্য, যে কাব্যের সেই উদ্দেশ্য, তাহাই গীতিকাব্য। বক্তার ভাবোচ্ছ্বাসের পরিস্ফুটতামাত্র যাহার উদ্দেশ্য, সেই কাব্যই গীতিকাব্য।'' — গীতিকাব্য সম্বন্ধে বঙ্কিমচন্দ্রের এই মন্তব্যের আলোকে গীতিকাব্যের স্বরূপ ব্যাখ্যা করুন।

(খ) উনিশ শতক ও বিশ শতকের ইংরেজদের মনোভাবের যে পার্থক্য রবীন্দ্রনাথ লক্ষ করেছেন তা 'কালান্তর' প্রবন্ধের সাহায্যে বিবৃত করুন।

(গ) 'বইপড়া' প্রবন্ধে প্রাবন্ধিক বই পড়া বলতে কী বুঝিয়েছেন, তা বিশ্লেষণ করুন।

(ঘ) সাংস্কৃতিক বিবর্তনের প্রধান উপকরণ কী ? প্রবন্ধকার ভারতবর্ষের সাংস্কৃতিক বিবর্তনের যে চারটি প্রসঙ্গের উল্লেখ করেছেন তা লিখুন। প্রসঙ্গত বিবর্তনের সঙ্গে স্বাঙ্গীকরণের সম্পর্ক কতখানি তা দেখান।

২ + ৮ + ১০

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) ঃ

১২ × ৩ = ৩৬

(ক) 'পতঙ্গ' নিবন্ধে বঙ্কিমচন্দ্রের যে দার্শনিক চিন্তার প্রকাশ ঘটেছে তার পরিচয় দিন।

(খ) 'সভ্যতার সংকট' প্রবন্ধটির নামকরণের যৌক্তিকতা প্রবন্ধটি বিশ্লেষণ করে বুঝিয়ে দিন।

(গ) 'নিয়মের রাজত্ব' প্রবন্ধে বিষয়বস্তুর উপস্থাপন ও বিশ্লেষণের বিশেষত্ব ব্যাখ্যা করুন।

(ঘ) 'হুতোম প্যাঁচার নক্‌শা'র 'চড়ক' নিবন্ধে উনিশ শতকের কলকাতার জীবনযাত্রার যে ছবি ফুটে উঠেছে তার পরিচয় দিন।

(ঙ) সৈয়দ মুজতবা আলীর 'বই কেনা' নিবন্ধটি রম্যরচনা হিসেবে কতখানি সার্থক তার বিচার করুন।

(চ) প্রাচীন ভারত ও বিবেকানন্দের সমকালীন ভারতবর্ষে জাতি-বৈষম্যের যে ছবি 'শূদ্র জাগরণ' প্রবন্ধে প্রকাশিত তা বিবৃত করুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ১০০ শব্দে) ঃ

৬ × ৪ = ২৪

(ক) বঙ্কিমচন্দ্রের 'গীতিকাব্য' প্রবন্ধটি প্রথমে কী নামে, কবে, কোথায়, কী উদ্দেশ্যে প্রকাশিত হয়েছিল ? শব্দটি ইংরাজির কোন্ শব্দের পরিভাষা রূপে ব্যবহৃত ? ১ + ১ + ১ + ২ + ১

(খ) বঙ্কিমচন্দ্রের অনুসরণে 'স্বতন্ত্র' ও 'পরতন্ত্র' শব্দ দুটি ব্যাখ্যা করুন। কোন্ প্রবন্ধে শব্দদুটি ব্যবহৃত হয়েছে এবং প্রবন্ধটি কোথায় প্রকাশিত হয় ?

(গ) 'কালান্তর' শব্দটির অর্থ ব্যাখ্যা করুন। 'কালান্তর' প্রবন্ধের পটভূমি ও আলোচনায় যে কালান্তর বিধৃত তার পরিচয় দিন।

(ঘ) 'সভ্যতার সংকট' প্রবন্ধটি রচনার উপলক্ষ্য ও প্রকাশ সম্পর্কে আলোচনা করুন এবং সভ্যতার সংকট বলতে রবীন্দ্রনাথ কী বোঝাতে চেয়েছেন তা দেখান।

(ঙ) প্রাচীন ভারতে চতুর্বর্ণ প্রথার পটভূমিকায় স্বামী বিবেকানন্দ কেন শূদ্র জাগরণের কথা বলেছেন তা সংক্ষেপে ব্যাখ্যা করুন।

(চ) 'নিয়মের রাজত্ব' বলতে কী বোঝানো হয়েছে, তা সংক্ষেপে লিখুন।

(ছ) লেখক লাইব্রেরিকে কেন 'মনের হাসপাতাল' বলেছেন তা ব্যাখ্যা করুন।

(জ) ''কিন্তু লাইব্রেরিটা যে কায়দায় গড়ে তুলেছি, শেল্‌ফ তোর আর সে কায়দায় জোগাড় করতে পারিনে।'' — কে, কোন্ প্রসঙ্গে একথা বলেছেন ? একথার তাৎপর্য কী লিখুন।